

মহাপরিচালক



জনাব মোঃ হেলাল উদ্দিন এনডিসি

জনাব মোঃ হেলাল উদ্দিন এনডিসি ১১ মার্চ ২০২১ খ্রি: তারিখ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে অতিরিক্ত সচিব হিসেবে যোগদান করেন এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য নিযুক্ত হন। ইতোপূর্বে তিনি শিল্প মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন। তিনি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন।

বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৮ম ব্যাচের কর্মকর্তা হিসেবে তিনি ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি দীর্ঘদিন মাঠ প্রশাসনের বিভিন্ন পদে কর্মরত ছিলেন। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ে উপ সচিব এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে যুগ্ম সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন।

তিনি সরকারি চাকরিজীবীদের জন্য প্রযোজ্য সকল অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। তিনি ২০১৪ সালে এনডিসি কোর্সে অংশগ্রহণ করেছেন। এনডিসি কোর্সে তাঁর গবেষণার বিষয় ছিল “Skills Development Training for Youths and its contribution towards their future employment”.

তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের Strengthening প্রকল্পের আওতায় ১ম ব্যাচে ২০১১ সালে AIT, থাইল্যান্ড হতে ৩ মাস মেয়াদী “Administering Environment and Development in the 21st Centuries Information Era”, ২০১১ সালে SIDA এর আয়োজনে সুইডেন ও চায়নায় ৪ সপ্তাহ মেয়াদী “Advanced International Training Program in Education for Sustainable Development in Higher Education” প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। ২০১২ সালে MATT-2, Stage-2 এর আওতায় যুক্তরাজ্যের Wolverhampton বিশ্ববিদ্যালয়ে ৬ সপ্তাহের উচ্চতর প্রশিক্ষণ এবং ২০১৬ সালে ন্যাশনাল ইউনিভার্সিটি সিজাপুর হতে “E-Government: Public Service Transformation” বিষয়ে ৩ সপ্তাহের প্রশিক্ষণ গ্রহণ করেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক সম্মান ও মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি ব্র্যাক বিশ্ববিদ্যালয় হতে উন্নয়ন অধ্যয়ন বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেছেন। এছাড়াও তিনি জাহাজীর নগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগ হতে সম্প্রতি পিএইচ.ডি. গবেষণা সম্পন্ন করেছেন। তার গবেষণার বিষয় ছিল: Government and NGO Partnership in Non-Formal Education Sector; An Evaluation.

স্কাউটিং কার্যক্রমে বিশেষ অবদানের জন্য তিনি ২০০৪ সালে বাংলাদেশ স্কাউট’স এর পক্ষ হতে Medal of Merit সনদ প্রাপ্ত হন। প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদানের জন্য তিনি ২০০৫ সালে চট্টগ্রাম বিভাগের শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার মনোনীত হন। ২০১১ সালে MATT-2, Stage-1 ব্যাচ ৩৪ এ প্রশিক্ষণের সময় অংশগ্রহণকারীদের ভোটে Best Contributor হিসেবে নির্বাচিত হন। তিনি ২০১৬ সালে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের যুগ্ম সচিব থাকাকালীন মন্ত্রণালয়ের পক্ষ থেকে শূদ্ধাচার পুরস্কার লাভ করেন। তিনি ২০১০ সাল হতে মুরাদনগর উপজেলা বিসিএস ক্যাডার অফিসার্স ফোরামের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

পারিবারিক জীবনে তিনি বিবাহিত। তার সহধর্মিণী দিলোয়ারা বেগম ইরানী একজন গৃহিণী এবং তাদের দুই জন পুত্র সন্তান রয়েছে।